



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board

“শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ”

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

স্মারক নং : ২৭.১১.০০০০.২১০.৫২.৪২৫.১৮.৪২০

তারিখ : ০৬-১১-২০১৮ খ্রিঃ।


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারের চাকরি [স্বশাসিত (পাবলিক Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী প্রচলিত বেতনকেলে নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ও প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম	যোগ্যতা	বেতনকেল	পদের সংখ্যা	
১)	ফার্মাসিষ্ট (শ্রেণি-১১)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-ফার্মেসী। সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা।	শিক্ষাগত যোগ্যতায় কোন	টাকা-১২,৫০০-৩০,২৩০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি।	২৫টি
২)	সিনিয়র স্টাফ নার্স (শ্রেণি-১২)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং। সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।	পরীক্ষাতেই জিপিএ-২.০০	টাকা-১১৩০০-২৭৩০০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি।	০৪টি
৩)	জুনিয়র স্টাফ নার্স (শ্রেণি-১৬)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং।	বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নহে।	টাকা-৯,৩০০-২২,৪৯০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি।	১০টি
৪)	ড্রেসার (শ্রেণি-১৮)	ন্যূনতম মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস। সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।		টাকা-৮,৮০০-২১,৩১০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি।	০৬টি
৫)	মিডওয়াইফ (শ্রেণি-১৮)	ন্যূনতম মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস। সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।		টাকা-৮,৮০০-২১,৩১০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি।	০৯টি

শর্তাবলী :

- বয়সসীমা ০৬-১১-২০১৮ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে ১৮-৩২ বৎসর। তবে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০(চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থী এবং কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- এই নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত প্রচলিত সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হইবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ, মুক্তিবার্তা নম্বর, গেজেট, ভারতীয় তালিকায় যদি নাম থাকে তাহার কপি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা দাবী করার ক্ষেত্রে পিতামহ/মাতামহ, পিতা-মাতা ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক কপি সত্যায়নপূর্বক আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
- আবেদনপত্রের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক, কোয়াক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর অনুকূলে যে কোন শিডিউল ব্যাংক হইতে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, (২) সদ্য তোলা চার ০৪ (চার) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, (৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল পরীক্ষা পাশের মূল সনদের অনুলিপি, (৪) দুইজন অনাস্থীয় ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদপত্র (৫) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কাউন্সিলরের নিকট হইতে নাগরিকত্বের সনদ, (৬) নিজ ঠিকানা লিখিত ও ৬(ছয়) টাকা মূল্যের ডাকটিকেট যুক্ত ২৮×১১ সেঃমিঃ সাইজের একটি খাম আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে।
- দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট (www.bpdb.gov.bd) হইতে ডাউনলোড করা যাইবে। ইহাছাড়াও কক্ষ নং-৪১৫, কর্মচারী পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন(৫ম তলা), মতিঝিল, ঢাকা এবং বোর্ডের সকল জোনের প্রধান প্রকৌশলী, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট/বড়পুকুরিয়া/শিকলবাহা ও শাহজীবাজার এর দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।
- আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করা হইলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হইলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কোন ক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হইবে না। খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে।
- আবেদনপত্র আগামী ২৯-১১-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন(৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌছাইতে হইবে। উক্ত তারিখের পর স্বহস্তে/ডাকযোগে/যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হইতে পারে।
- বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতীত এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


(নাসরিন পারভীন)

পরিচালক, কর্মচারী পরিদপ্তর

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।